কোটচাঁদপুরে একই গ্রামের ৩ যুবক নিখোঁজ, থানায় অভিযোগ দায়ের

একই গ্রাম থেকে ৩ যুবক নিখোঁজের ঘটনা ঘটেছে। তাদের প্রত্যেকের বাড়ি কোটচাঁদপুর পৌরসভার বড়বামনদহ গ্রামে। এ ব্যাপারে পরিবারের পক্ষ থেকে স্থানীয় থানায় পৃথক অভিযোগ করা হয়েছে।

জানা যায়, কোটচাঁদপুর পৌরসভার বড়বামনদহ গ্রামের ৩ যুবক সভা শোনার নাম করে রবিবার রাতে বাড়ি থেকে বের হয়। এরপর থেকে তাদেরকে আর খুজে পাইনি পরিবারের লোকজন। কোন উপায় না পেয়ে পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ করেছেন।

নিখোঁজ ৩ যুবকের মধ্যে রয়েছে কোটচাঁদপুর বড়বামনদহ গ্রামের মিজানুর রহমানের ছেলে পারভেজ হোসেন, রকিব উদ্দিনের ছেলে রাব্বি হোসেন ও আনোয়ারের ছেলে রিয়াজ হোসেন।

এ ব্যাপারে রাব্বি হোসেনের মা সাথী বেগম বলেন, আমার ছেলে বাড়ি ছেড়ে কোন দিন বাইরে থাকেনি। কোন খারাপ সঙ্গও ছিলনা। তবে যাবার কয়দিন ধরে, আমার ছেলের চলা ফেরায় এলোমেলো দেখা যায়। সে পাশের বাড়ির দেবর রিয়াজের সঙ্গে রবিবার রাতে বের হয়। এরপর থেকে তার আর কোন সন্ধান পায়নি। এ ব্যাপারে থানায় অভিযোগ করা হয়েছে।

এ ঘটনা নিয়ে সোমবার রাতে থানায় সাধারন ডায়েরি করেছেন পারভেজের পিতা মিজানুর রহমান। তিনি বলেছেন, আমার ছেলে রবিবার রাত ১১ টা পর্যন্ত বাসায় ছিল। হঠাৎ করে একটা ফোন আসে। এরপর তাড়াহুড়ো করে বের হয়ে যায় সে। তবে রেখে যায় তার ব্যবহারের সব মোবাইল সেট। সাথে করে নিয়ে গেছে সিম গুলো।

তিনি অভিযোগের আঙ্গুল তোলেন রিয়াজের দিকে। সে তার ছেলেকে ফুসলিয়ে নিয়ে গেছে বলে দাবি তার।

তবে এ ঘটনা নিয়ে কোন পদক্ষেপ নেননি রিয়াজ হোসেনের পিতা আনোয়ার হোসেন। তিনি বলেন, রবিবার রাতে আমার ছেলে বাড়ি ছিলেন। সোমবার থেকে তাকে পাওয়া যাচ্ছে না। কাজের চাপে থানায় যাওয়ার সুযোগ হয়নি।

তিনি গণমাধ্যম কর্মীদের উদ্দেশ্যে বলেন, আমার ছেলে কে অনেকে দোষারোপ করছেন। তবে আপনারা কোন উল্টো পাল্টা লিখেন না। আমার ছেলেও গেছে। আমিও চাই তারা ফিরে আসুক। ফিরে আসলে বোঝা যাবে আসল ঘটনা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ মঈন উদ্দিন জানান, যারা গেছে প্রত্যেকে প্রাপ্ত বয়স্ক। এদের কেউ হারাইনি। কোথায় গিয়ে কাজ করছেন। সোমবার রাত পর্যন্ত তারা তাদের পরিবারের লোকজনের সঙ্গে অন্য মোবাইল নাম্বার দিয়ে কথা বলেছেন বলে জানিয়েছেন তাদের পরিবার।

জনদূর্ভোগ সৃষ্টির অভিযোগে দুই কৃষককে অর্থদন্ড

মানুষ চলাচলের রাস্তায় লাল শাক শুকিয়ে জনদূর্ভোগ সৃষ্টির অভিযোগে আব্দুল হালিম ও আব্দুর রহমান নামের দুই কৃষককে অর্থদন্ড করেছে ভ্রাম্যমমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

আব্দুল হালিম গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আওলাদ হোসেনের ছেলে ও আব্দুর রহমান একই উপজেলার হিজলবাড়িয়া গ্রামের আবু শামা মন্ডলের ছেলে। জনদূভোর্গ আইন ১৯৬০ এর ২৯১ ধারায় এ দু কৃষককে পাঁচ শ

গতকাল বুধবার বিকালে সাহারবাটি-হিজলবাড়িয়া রাস্তা ও মালশাদহ-হিজলবাড়িয়া রাস্তায় এ অভিযান চালান তিনি।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম জানান, সাহারবাটি-হিজলবাড়িয়া রাস্তা ও মালশাদহ-হিজলবাড়িয়া রাস্তা পাকা রাস্তা দুটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ।

সাম্প্রতিক সময়ে এলাকার কৃষকরা লাল শাকের বীজ বের করার জন্য রাস্তাগুলোতে শুকাতে দেন। যার ফলে রাস্তাগুলোতে জনদূর্ভোগ

বেড়েছে। রাস্তাগুলোতে এখন থেকে অভিযান পরিচালনা করা হবে।

গাংনীতে নকল ও ভেজাল কৃষি পণ্যের ক্ষতি বিষয়ে আলোচনা সভা

“সচেতন চাষী, সমৃদ্ধ কৃষি ” এই শ্লোগানে গাংনীতে নকল ও ভেজাল কৃষি পণ্যের ক্ষতি বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে মেহেরপুরের গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি মিলনায়তনে কৃষি সম্প্রসারণ বিভাগের আয়োজনে ও সিনজেনটা কোম্পানির সহযোগিতায় এ আলোচনা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের সভাপতিত্বে এবং কৃষি সম্প্রসারণ অফিসার রাসেল রানার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ বিভাগের উপপরিচালক শামসুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ বিভাগের অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) এ কে এম কামরুজ্জামান, সিনজেনটা কোম্পানির জোনাল সেলস ম্যানেজার (সাউথ) সাজ্জাদ হায়দার খান, ব্যান্ড ম্যানেজার জামাল হায়দার সহ কৃষি বিভাগের কর্মকর্তা ও কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের সুবিধাভোগী পক্ষ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সিনজেনটা কোম্পানির কর্পোরেট ম্যানেজার জামাল হায়দার নকল ও ভেজাল কৃষি পণ্যের ক্ষতি বিষয়ে মাল্টিমিডিয়া স্লাইড উপস্থাপন করেন।

স্লাইড থেকে কৃষক ও কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান নকল ও ভেজাল কৃষি পণ্যের ক্ষতির বিভিন্ন দিক সম্পর্কে জানতে পারেন। অনুষ্ঠানে মুক্ত আলোচনা পর্বে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন কৃষি বিভাগের কর্মকর্তা ও সিনজেনটা কোম্পানির প্রতিনিধিরা।

ঝিনাইদহে পুলিশী হয়রানি ও মিথ্যা মামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহে ষড়যন্ত্রমুলক মিথ্যা মামলা, পুলিশী হয়রানি, হুমকিসহ কুচক্রী মহলের হাত থেকে রক্ষা পেতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী এক নারী।

বুধবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে ঝিনাইদহ শহরের মডার্ন মোড় এলাকার বাসিন্দা নার্গিস বেগম।

তিনি অভিযোগ করে বলেন, পৌরসভার উদয়পুর গ্রামের আতিয়ার রহমান, তার ভাই সাপিয়ার রহমান, আনোয়ারুল ইসলাম ওরফে আনারুল বিম্বাস, তার ভাই আনিচুর রহমান, আলফাজ উদ্দিনসহ একটি চক্র দীর্ঘদিন ধরে সামাজিক দ্বন্দ্ব ও জমিজমা নিয়ে বিরোধের জের ধরে তাকে হয়রানী করে আসছে। তাদের অত্যাচারে সম্পত্তি ও জীবন রক্ষা করা দায় হয়ে পড়েছে তার ও তার পরিবারের। রাজনৈতিক প্রভাব খাটিয়ে, নানা চক্রান্ত ও প্রতারণাসহ নাটক সাজিয়ে তাকে হয়রানি করে আসছে ওই চক্রটি।

সম্প্রতি ঝিনাইদহ ডিবি পুলিশের এস আই আবুজার গিফারীকে সাথে নিয়ে নার্গিস বেগমকে মাদক দিয়ে ফাঁসানোর চেস্টা করছে। গত ০৭ মার্চ আমার মামা হালিমকে মডার্ণ মোড় এলাকা থেকে মাদক দিয়ে ফাঁসিয়ে তাকে আটক করা হয়।

নার্গিস বেগম অভিযোগ করে বলেন, ডিবি পুলিশের ওই কর্মকর্তার সাথে যোগসাজস করে ওই চক্রটি আমাকে মাদক ও মিথ্যা মামলা দিয়ে ফাঁসানের চেষ্টা করছে। আমি ও আমার পরিবারের সদস্যদের জীবন সংকট দেখা দিয়েছে। এ থেকে পরিত্রাণ পেতে পুলিশ ও প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেন তিনি।

সংবাদ সম্মেলনে তার ফুফু আনোয়ারা বেগম, চাচা রুহুল আমিন

বিশ্বাস, ভাই রিয়াজ হোসেন, ফুফা এ কে এম ফয়জুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

১১ দফা দাবীতে ঝিনাইদহে শিক্ষকদের মানববন্ধন

পূর্ণাঙ্গ উৎসব ভাতা, সরকারী শিক্ষকদের ন্যায় বাড়ী ভাড়া ও শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১১ দফা দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে শিক্ষকরা।

বুধবার সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে মুজিব চত্বরে এ কর্মসূচীর আয়োজন বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখা।এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার ৬ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও জেলা শাখার সভাপতি মহি উদ্দিন, শিক্ষক নেতা ও সাংবাদিক কে এম সালেহ, শাহানুর আলম, শাহানাজ পারভীন মুন্নি, কৃপা সিন্ধু, মিজানুর রহমান, মনিরুজ্জামান, জালাল উদ্দিনসহ অন্যান্য নেতৃবৃন্দ। বক্তারা, শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, সরকারি শিক্ষক কর্মচারীদের ন্যায় পুর্ণাঙ্গ উৎসব ভাতা, চাকুরীর বয়স সীমা ৬৫ বছরে উত্তীর্ণকরণসহ ১১ দফা দাবী জানান। পরে তাদের দাবী সম্বলিত স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর পেশ করেন।

মেহেরপুরে বসত বাড়িতে

অগ্নিকাণ্ড! ৭ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুরে অটোরিকশার ব্যাটারি বিস্ফোরণে দুইটি বসতবাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে দুই পরিবারের অন্তত ৭ লক্ষ টাকার মালামালের ক্ষয়ক্ষতি হয়েছে।

মঙ্গলবার দিবাগত রাতে সদর উপজেলার বন্দর গ্রামে পূর্বপাড়ার মন্টুর বাড়িতে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, অটোরিকশার ব্যাটারিতে চার্জ দিয়ে ঘুমিয়ে পড়ে সোহেল। গভীর রাতে শর্টসার্কিটের কারণে হঠাৎ করে আগুনের সূত্রপাত হয়ে মুহুর্তেই ব্যাটারি বিস্ফোরণ হয়ে যায়।

এতে পুরো ঘরেই আগুন ছড়িয়ে পড়ে এবং পাশের বাড়ির একটি গোয়াল ঘর, রান্না ঘরেও অগুন ছড়িয়ে পড়ে। এসময় ঘরে থাকা লোকজন বের হয়ে পড়লেও অগ্নিদগ্ধ হন মন্টু নামের একজন।

খবর পেয়ে মেহেরপুর সদরের ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে এসে প্রায় আধাঘন্টা চেষ্টা করে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে নেয়।

এতে প্রায় ৭ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী বাড়ির মালিকদের। আহত মন্টু বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন।

দর্শনা মদনা বাজারে ভোক্তা অধিকারের অভিযান। তিন ব্যবসা

প্রতিষ্ঠানকে জরিমানা

চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে অভিযান পরিচালনা করেছেন। ইউনিয়নের মদনা বাজারের তিন ব্যবসা প্রতিষ্ঠানকে বিভিন্ন অপরাধে জরিমানার আদায় করেছে।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা বাজারের মেসার্স বিশ্বাস কসমেটিকস, মেসার্স হ্যানিম্যান হোমিও হল ও মেসার্স আরাফাত ট্রেডার্সে।

এসময় বিভিন্ন অপরাধে তাদের প্রত্যককে দুই হাজার টাকা করে জরিমানা ও অন্যথায় কারাদন্ড প্রদান করেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমান আদালত।

অভিযুক্তরা সকলে ভ্রাম্যমান আদালতে জরিমানার টাকা পরিশোধ করায় কারাদন্ড হতে রেহায় পান। এ অভিযান পরিচালনা ও ভ্রাম্যমান আদালতের বিচারকের দায়িত্ব পালন এবং রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালক সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এ অভিযান পরিচালনা ও ভ্রাম্যমান আদালতকে সহায়তা করেন দর্শনা থানা পুলিশ।

দর্শনায় স্থল বন্দর পরিদর্শনে স্থলবন্দর কমিটির চেয়ারম্যান আলমগীর

দর্শনা স্থলবন্দর পরিদর্শন করেছেন বাংলাদেশ স্থলবন্দর কমিটির চেয়ারম্যান আলমগীর। এসময় দর্শনা বন্দরের আন্তর্জাতিক জয়নগর সীমান্তের জিরো পয়েন্টে স্থলবন্দর বাস্তবায়নে পরিদর্শনটিম সীমান্তের পয়েন্ট ঘুরে ঘুরে পরিদর্শন করেছেন।

পরিদর্শন শেষে জেনারেল এডিশনাল সেক্রেটারি ও বন্দর বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান আলমগীর সাংবাদিকদের বলেন, আগমী দুই বছরের মধ্যে দর্শনায় পূর্ণাঙ্গ স্থল বন্দর হিসাবে গড়ে তোলা হবে নব নির্মিত বিল্ডিং।

তিনি আরও বলেন, আমরা দর্শনা বন্দরটি ২০০৪ সালে অনুমোদন হাতে পেয়েছি সেই থেকে আমরা জোরে সোরে কাজ চালিয়ে যাচ্ছি। দর্শনা বন্দরকে পুর্নাঙ্গভাবে বাস্তবায়ন করতে আগামী দু’বছরের মধ্যে জমি অধিগ্রহন সহ অন্যান্য কাজ এগিয়ে নেয়া হবে।

মঙ্গলবার বেলা ১২ টার দিকে দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে পৌছালে তাকে ফুলেল শুভেচ্ছা জানান চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, সি এ্যান্ড এফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক আতিয়ার রহমান হাবু, দর্শনা বাসষ্ট্যান্ড বাজার কমিটির সাধারন সম্পাদক ওমর আলী, কাষ্টমস ক্লিয়ারিং এ্যান্ড ফরওয়ার্ডিং এজেন্ট ও বিশিষ্টি সি এ্যান্ড এফ ব্যবসায়ী রফিকুল ইসলাম, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান দর্শনা বন্দর বাস্তবায়নের জন্য ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

এ সময় বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যানের একান্ত সচিব কবির খান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক সাজিয়া আফরিন, জেলা আ.লীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা জেলা সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর) সার্কেল মুন্না বিশ্বাস, দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, দর্শনা কাস্টমস সহকারী কমিশনার সারাফত হোসেন, রাজস্ব কর্মকর্তা আব্দুল গনি, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবির, আন্তর্জাতিক ইমিগ্রেশন ইনচার্জ বিজিবির দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার জহির হোসেন, দর্শনা আইসিপি বিজিবি পোষ্ট কমান্ডার নায়েক সুবেদার আলাউদ্দিন, চুয়াডাঙ্গা জেলা চেম্বার অব কমার্সের পরিচালক হারুন-অর-রশিদ, দর্শনা সি এন্ড এফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হাবু, দর্শনা স্থলবন্দর বাস্তবায়ন কমিটির যুগ্ন-আহবায়ক সাংবাদিক রেজাউল করিম লিটন, উলুম, দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিকেরা ও স্থানীয় নেতৃবৃন্দ সহ এলাকার সুধীজনেরা উপস্থিত ছিলেন।
পরে দর্শনা আন্তর্জাতিক বিজিবি সম্মেলন কেন্দ্রে বিভিন্ন আলোচনা

করেন বন্দরটি বাস্তবায়ন সম্পর্কে।

এ সভায় উপস্থিত ছিলেন যশোর বেনাপোল স্থলবন্দর পরিচালক মোহাম্মদ মনিরুজ্জামান, স্থল বন্দর কর্তৃপক্ষ চেয়ারম্যানের একান্ত সচিব মোহাম্মদ করিম খান, ভূমি অধিগ্রহন কর্মকর্তা জসিম উদ্দিন, চুয়ডাঙ্গা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক শারমীন আক্তার, চুয়াডাঙ্গা এন.এস.আই পরিচালক জামিল হোসেন, চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, রাজস্ব কর্মকর্তা আব্দুল গনি, দর্শনা আইসিপি বিজিবি পোষ্ট কমান্ডার নায়েক সুবেদার আলাউদ্দিন, চুয়াডাঙ্গা জেলা চেম্বার অব কমার্সের পরিচালক হারুন-অর-রশিদ দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক ও সাংবাদিক সমিতির বর্তমান সাধারন সম্পাদক হারুন-রাজু।

উল্লেখ্য, গত ২৬ শে ফেব্রুয়ারী দর্শনা স্থল পথ কে পূর্ণাঙ্গ স্থলবন্দর হিসাবে ঘোষনা করে গেজেট প্রকাশ করেছে এনবিআর।

আলমডাঙ্গায় ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

আলমডাঙ্গায় ইসলামিক ফাউন্ডেশনের ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। মঙ্গলবার আলমডাঙ্গা উপজেলা চত্বরে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা ফিল্ড অফিসার মজিবর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সাব জজ সাইফুদ্দিন হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের আয়ুব হোসেন, উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর, আরো উপস্থিত ছিলেন নূর হোসেন ,আলামিন, মেহফুল হক,আরাফাউতুল্লা, রাজু

আহম্মেদ,হারেজ, শরিয়ত, আবুল বাসার, মেজ বাউর, ওমর ফারুক প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন আখতারুজ্জামান।

গাংনীর ছাতিয়ান থেকে ইয়াবাসহ দুজন গ্রেফতার

৬৫ পিস ইয়াবাসহ আবুল বাসার (২৫) ও জনি মিয়া (২৬) নামের দুই যুবককে আটক করেছে গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্পের পুলিশের একটি দল।

আটক আবুল বাশার ছাতিয়ান গ্রামের পাইকপাড়া এলাকার আমিরুল ইসলামের ছেলে ও জনি একই উপজেলার মহাম্মদপুর গ্রামের পশ্চিম পাড়া এলাকার রফিকুল ইসলামের ছেলে।

মঙ্গলবার দুপুরে বামন্দী পুলিশ ক্যাম্পের এএসআই বিপ্লব হোসেনের নেতৃত্বে পুলিশের একটি দল ছাতিয়ান গ্রামের পাইকপাড়া এলাকায় গোপন সংবাদে অভিযান চালিয়ে এ দুজনকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৬৫ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করে বলেছেন, ইয়াবাসহ আটক দুই যুবকের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। বিকালের দিকে তাদের মেহেরপুর জেল হাজতে পাঠানো হয়েছে।